

এক নজরে

পুজোয় অনুদান

►**বর্ধমান**: বনেদি বাড়ির দুর্গাপূজোগুলিকে উৎসাহ দিতে এবং তাদের সংরক্ষণে উদ্যোগী হয়েছে রাজ্য। পর্যটন দফতরের পক্ষ থেকে পূর্ব বর্ধমান জেলার তিনটি ঐতিহ্যবাহী বনেদি বাড়ির পুজোকে বিশেষ অনুদান দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জেলায় একশো বছরের বেশি পুরনো অন্য কোনও বনেদি বাড়ির পুজে থাকলে, দ্রুত সেই তালিকাও পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে মহকুশাশাসকদের। পর্যটন দফতর সূত্রে জানা গিয়েছে, খাজা আনোয়ার বের দাসবাড়ি দুর্গাপূজে, মেমারি কলিরাজবাড়ি দুর্গাপূজো এবং গুসকরার চোৎদার জমিদার বাড়ির দুর্গাপূজোকে ৭৫ হাজার টাকা করে অনুদান দেওয়া হবে। তবে এর বাইরেও জেলায় বহু আড়ইশো, তিনশো বছরের পুরনো দুর্গাপূজে রয়েছে। সেই সব পূজোর নাম ও তথ্যও জোগাড় করতে শুরু করেছে প্রশাসন।

এখনও হাসপাতালে

►**ভাতার**: দিন দুয়েক আগে ভাতারের বলগোনা পঞ্চায়েতের হাট কানপুর, পূর্ব রামচন্দ্রপুর গ্রামের প্রায় ৪০ জন অসুস্থ হয়ে পড়েছিলেন ফুচকা খেয়ে। ১৬ জনকে হাসপাতালে ভর্তি করানো হয়। রক্ত স্বাস্থ্য দফতরের সূত্রে জানা গিয়েছে, বুধবারও স্বাস্থ্য দফতরের দল এলাকায় চিকিৎসা পরিষেবা দিয়েছে। ভাতার হাসপাতালে ভর্তি ১৫ জনের মধ্যে কয়েকজনকে ছুটি দেওয়া হয়েছে। বাকিদের অবস্থা স্থিতিশীল। বর্ধমান হাসপাতালে এক কিশোরী চিকিৎসাধীন রয়েছে।রক্ত স্বাস্থ্য আধিকারিক নবকুমার দাস বলেন, “সকলেই বিপদমুক্ত, তবে নজরদারিতে রয়েছেন।”

পথে বামেরা

►**পূর্বস্থলী, গলসি**: এসআইআর-এ বাদ যাওয়া সব বৈধ নাগরিকের নাম ভোটার তালিকায় তোলা, জ্ঞানেশ কুমারের পদত্যাগ, সব গরিব মহিলাদের অন্নপূর্ণা যোজনার তালিকায় নাম তোলা, বয়স্ক ও বিধবাদের ভাতা দেওয়া, বিভিন্ন প্রকল্পে যুক্ত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ-সব ন’দফা দাবিতে বুধবার পূর্বস্থলী ১ রক্তের বিডিও-র কাছে স্মারকলিপি দিলেন সিটু ও গণতান্ত্রিক মহিলা সমিতির নেতা-কর্মীরা। তারা দাবি করেন, দ্রুত বিষয়গুলির নিষ্পত্তি না হলে বড় আন্দোলনে নামবেন তারা। রক্ত প্রশাসন জানায় দাবি খতিয়ে দেখা হবে। এ দিকে, জ্ঞানেশ কুমারের পদত্যাগ-সহ একাধিক দাবিতে প্রতিবাদ মিছিল করল সিপিএমের গলসি ২ এরিয়া কমিটি।

গ্রন্থের উদ্বোধন

►**পূর্বস্থলী**: প্রকাশিত হল নীলমণি ব্রহ্মচারী ইনস্টিটিউশনের গ্রন্থাগারিক নির্মলেন্দু পালের লেখা ‘বঙ্গ সংস্কৃতিতে দুর্গা’ নামক গ্রন্থটি। বুধবার পূর্বস্থলী ২ রক্তের উই ফুলের একটি কক্ষে গ্রন্থটির উদ্বোধন হয়। কালনা মহম্মার পূর্বস্থলী ১, পূর্বস্থলী ২ ও মস্তম্বর রক্ত গ্রামীন দুর্গাপূজোগুলি সম্পর্কে প্রচুর তথ্য রয়েছে ওই বইয়ে। লেখক জানান, ছুটির দিনে একের পর এক গ্রাম ঘুরে সেখানকার দুর্গাপূজার ইতিহাস তিনি সংগ্রহ করেছিলেন।

অপহরণের নালিশ

►**বর্ধমান**: কিশোরীকে অপহরণের অভিযোগে এক যুবককে গ্রেফতার করল জেলা পুলিশ। খুড় জেলারই বাসিন্দা। বুধবার ভোরে অভিযুক্তকে ধরা হয়। তার কাছ থেকেই উদ্ধার হয় ওই কিশোরী। ধৃতকে বুধবার বর্ধমান সিজেশ্বম হাসপাতালে তোলা হয়। ধূতের জামিন মঞ্জুর করেন ভারপ্রাপ্ত সিজেশ্বম।

গাড়িতে আগুন

►**কালনা**: আগুন লেগে ক্ষতিগ্রস্ত হল দু’টি গাড়ি। বুধবার বিকেলে কালনার হাটকালনা পঞ্চায়েতের এসটিকেকে রোডের পাশে এই ঘটনা ঘটে। স্থানীয় বাসিন্দারা জানান, সেখানে দু’টি গাড়ি রাখা ছিল। গাড়ি দু’টির কাছে ছিল পাটকাটির গাদা। এলাকার বাসিন্দা জোয়েলে হোসেন জানান, বিকেলে দুটি গাড়ি জ্বলতে দেখা যায়। মকমলের ইঞ্জিন আসে। এলাকাবাসীর অনুমান, পাটকাটির গাদা থেকেই আগুন গাড়ি দু’টিতে ছড়িয়ে পড়েছিল।

হকারদের পাশে

►**বর্ধমান**: বর্ধমান জংশনে এক হাজারেরও বেশি হকারের জীবিকা চালা রাখার আবেদন জানানেন পূর্ব বর্ধমান জেলা কংগ্রেস সভাপতি গৌরব সামাদ্দার। আরপিএফের কাছে স্মারকলিপি দিয়ে তিনি বলেন, “হকারদের জীবিকার বিবরটি মানবিক দৃষ্টিভঙ্গিতে বিবেচনা করা হোক।”

শহরে রাস্তা দখল করে ব্যবসা, পথে জেলাশাসক

নিজস্ব সংবাদদাতা

বর্ধমান

দুই মস্তীর পরে এ বার পূজোর মুখে যানজট কমাতে পথে নাগরলেন জেলাশাসক শ্বেতা আশরওয়াল। বর্ধমানের বিসি রোডের একাংশ দখল করে আনাজ বিক্রি, যত্রতত্র বাইক ও টোটো রাখার ছবি দেখে ক্ষোভপ্রকাশ করেন তিনি। জানিয়ে দেন, নির্দিষ্ট জায়গার বাইরে ব্যবসা করা, রাস্তা দখল করে যানবাহন রাখা ও যত্রতত্র আনাজনা ফেলা চলবে না। প্রথমে সতর্ক করা হবে। তাতে কাজ না হলে জরিমানা আদায়ের নির্দেশ দেন পুরসভার আধিকারিকেরা।

বুধবার সকাল ৮টায় আধিকারিকদের নিয়ে বিসি রোড পরিদর্শনে বেরিয়েছিলেন জেলাশাসক। গিয়ে দেখেন, রাস্তার একাংশ জুড়ে চলছে পাইকারি আনাজের কারবার। পার্কিংয়ের জায়গা দখল করে ব্যবসা চলছে। জেলাশাসক বিজ্ঞোতাদের উদ্দেশে বলেন, “তোমরা তো পার্কিংয়ের জায়গা দখল করে ব্যবসা করছ। এতে অর্ধেক বিসি রোড অবরুদ্ধ হয়ে পড়ছে। মানুষজন যাবে কোথা দিয়ে? এখনই সব মালপত্র সরিয়ে নাও।”

পুরকর্মীরা উদ্দেশে জেলাশাসকের বার্তা, “আজ আমি ঘুরে গেলাম। দু’তিন দিন পরে পুজো। আগামিকাল থেকেই কার্জন গেট থেকে বি সি রোড পর্যন্ত ব্যবসা, পার্কিং এবং ময়লা-আবর্জনা ফেলা নিয়ে মানুষকে সতর্ক করুন। নির্দেশ না মানলে জরিমানা আদায় শুরু করবেন। না হলে আমাকে আসতে হবে।” জেলাশাসকের সঙ্গে ছিলেন মহকুশাশক (উত্তর), পুরসভার এগঞ্জিকিউটিভ অফিসার, সচিব তাপস মাকর-সহ আধিকারিকেরা।

কয়েক দিন আগেই বিসি রোডে যত্রতত্র যানবাহন রাখা হয়েছে দেখে ক্ষোভপ্রকাশ করেছিলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তাঁর আশ্বাস ছিল, আগামী এক মাসের মধ্যে শহরের রাসা চলাচলের ছবিতে পরিবর্তন আসবে।

গত রবিবার এলাকা পরিদর্শনে গিয়ে একই ছবি দেখেন বর্ধমান দক্ষিণের বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র। তিনি জানিয়েছিলেন, বিসি রোডে পার্কিংয়ের নির্দিষ্ট জায়গা চিহ্নিত করে মার্কিং করা হচ্ছে। সেই এলাকার বাইরে মানুষের রাখা হচ্ছে সে সব বাজেয়াপ্ত করার পাশাপাশি জরিমানা করা হতে পারে।

খেলার মাঠে

হারল এসকেএম

কালনা: অনূর্ধ্ব ১৮ এলিট লিগের প্রথম খেলায় আইএফএফ-এর দলকে হারালেও দ্বিতীয় ম্যাচে ঘরের মাঠে মানবাজার বিবেকানন্দ এসএ দলের কাছে ২-০ গোলে হারল কালনার এসকেএম পোপ্টস ফাউন্ডেশন। বুধবার, বিকেল ৩টে নাগাদ কালনার অমোঘনাথ পার্কে শুরু হয় খেলা। প্রথমার্ধের শুরুতে এসকেএম একটি ভাল সুযোগ পেলেও তা থেকে গোল করতে ব্যর্থ হয় তারা। বরং ক্রমশ খেলার দখল নেয় মানবাজারের ছেলেরা। প্রথমার্ধেই এগিয়ে যায় মানবাজার। দ্বিতীয়ার্ধে এসকেএম গোল শোধের চেষ্টা করলেও তা ব্যর্থ হয়। দ্বিতীয়ার্ধে ব্যবধান বাড়ায় মানবাজার। এর পরে তারা রক্ষণাত্মক ফুটবল খেলেও তা কাজে লাগাতে পারেনি এসকেএম।



■ বাঁ দিক থেকে, কাটোয়া জাজিগ্রাম নবোদয় সজ্ঘের মণ্ডপ। কাটোয়ার ন’নগর সবুজ সজ্ঘের পূজোমণ্ডপ। *নিজস্ব চিত্র*



■ বাঁ দিক থেকে, পূর্বস্থলীর দক্ষিণ শ্রীরামপুর সর্বজনীনের মণ্ডপ। বেবুড় মঠের আদলে বর্ধমানের ফ্রেন্ডস ক্লাবের পুজোর মণ্ডপ। *নিজস্ব চিত্র*



■ বাঁ দিক থেকে, বড়নীলপুর চৌরঙ্গি ক্লাবের মণ্ডপ। সমুদ্রগড় কাঞ্চনতলার নবাবরূণ সজ্ঘের প্রতিমা। *নিজস্ব চিত্র*

কাটোয়ায় লিগ

কাটোয়া: ক্রীড়া ভারতী পরিচালিত কাটোয়া মহকুমা ফুটবল লিগের বুধবারের খেলায় জিতল পারফেকশন ফুটবল অ্যাকাডেমি। এ দিন তারা কাটোয়া গোবিন্দবাগান পুর ময়দানে একাইহাট রানার ক্লাবকে ৪-০ গোলে হারান। ম্যাচের সেবা হন জয়ী দলের জয় অধিকারী।

১৮ রানে জয়

বড়শুল: অনূর্ধ্ব ১৩ ক্রিকেট ম্যাচ হল বর্ধমান ২ রক্তের বিএফসিসি মাঠে। বুধবারের এই খেলায় বিএমএসসিসি ১৮ রানে বড়শুল ক্রিকেট অ্যাকাডেমিকে হারায়।

প্রথম দিনের খেলা

বড়শুল: খোলটি দলকে নিয়ে দু’দিনের ‘বলাইচন্দ্র ঘোষ ও প্রশান্ত ঘোষ স্মৃতি ফুটবল প্রতিযোগিতা চলছে বর্ধমান ২ রক্তের কালিনগর



■ বাঁ দিক থেকে, কাটোয়া জাজিগ্রাম নবোদয় সজ্ঘের মণ্ডপ। কাটোয়ার ন’নগর সবুজ সজ্ঘের পূজোমণ্ডপ। *নিজস্ব চিত্র*



■ বাঁ দিক থেকে, পূর্বস্থলীর দক্ষিণ শ্রীরামপুর সর্বজনীনের মণ্ডপ। বেবুড় মঠের আদলে বর্ধমানের ফ্রেন্ডস ক্লাবের পুজোর মণ্ডপ। *নিজস্ব চিত্র*



■ বাঁ দিক থেকে, বড়নীলপুর চৌরঙ্গি ক্লাবের মণ্ডপ। সমুদ্রগড় কাঞ্চনতলার নবাবরূণ সজ্ঘের প্রতিমা। *নিজস্ব চিত্র*

মাঠে। আয়োজক বাজেশালপের নেতাজি সজ্ঘ জানায়, প্রথম দিন আটটি দলের খেলা হয়।

সেমিফাইনালে রাধারানি একাদশ ২-১ গোলে এমপি ক্যাটারার বর্ধমান একাদশকে হারায়।

উদ্বোধনী খেলা

ভাতার: আটটি দলকে নিয়ে ফুটবল প্রতিযোগিতার আয়োজন করেছে ভাতারের বড়বেলুন বানামতলা পোপ্টস অ্যাসোসিয়েশন। বুধবার, উদ্বোধনী খেলায় সাহেবগঞ্জ টুড একাদশ ৩-১ গোলে কোসিগ্রাম টাইগার একাদশকে হারায়।

ফলাফল ৪-১

আঁশেগ্রাম: প্রতাপপুর পল্লিমঙ্গল ক্লাব আয়োজিত ফুটবল প্রতিযোগিতার বুধবারের খেলায় বর্ধমান আরএস এন্টারপ্রাইজকে ৪-১ গোলে হারায় পারহাটি অল আদিবাসী, পাড়ুয়া।

ਪੰਜਾਬ ਨੈਸ਼ਨਲ ਬੈਂਕ (भारत सरकार का उपक्रम)		pnb punjab national bank (Govt. of India Undertaking)	ই-ভাকশন বিক্রয়ের তারিখ ০৩.১১.২০২৬		
অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, বর্ধমান শ্রী দুর্গা মার্কেট, ৩য় তল, পুলিশ লাইন বাজার, পোঃওঃ শ্রীপল্লী, বর্ধমান- ৭১৩১০৩, ই-মেল: b0819300@pnb.bank.in					
স্বাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য সেল নোটিস					
ইএমডি (বায়না জমা) এবং কাগজপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ০৩.১১.২০২৬ বেলা ৩.০০টা পর্যন্ত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফেইসি) অ্যান্ড, ২০০২ অধীনে ব্যাঙ্কের নিকট রেহনাবদ্ধ স্বাবর সম্পত্তি বিক্রয়					
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)এর বিধানাবলির সহিত পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যান্ড, ২০০২ অধীনে স্বাবর পরিসম্পদ বিক্রয়ের জন্য ই-অকশন সেল নোটিস। সাধারণভাবে জন্সাবলিগভাবে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারেন্টর(গণ)-কে এতদ্বারা নোটিস দেওয়া ইহতহে যে, অত্র নিম্নে বর্ণিত স্বাবর সম্পত্তি জামিনমুক্ত পাওনাদার-এর নিকট রেহনাবদ্ধকাজকরূপে রহিয়াছে, যাহার কনস্ট্রাক্টিভ/বাস্তবিক/প্রতীকী দখল ব্যাঙ্কের অনুমোদিত অফিসার/জামিনমুক্ত পাওনাদার কর্তৃক লওয়া ইয়াহে; এবং উহা নিম্নে বর্ণিতমতো সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ ও গ্যারেন্টরগণ-এর নিকট ইহতে ব্যাঙ্ক/জামিনমুক্ত পাওনাদারের বকেয়া উত্তুলের নিমিত্ত অত্র নিম্নোক্ত সারণি-তে উল্লেখিত তারিখে “যেখানে যে অবস্থায় আছে”, “যেখানে যাহা কিছু আছে” এবং “যেখানে যেরূপ প্রকার আছে” ভিত্তিতে বিক্রয় করা ইহবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের জন্য সংরক্ষিত মূল্য ও বায়না জমার পরিমাণ নীচের সারণি-তে উল্লেখ করা ইহবে।					
স্বাবর সম্পত্তির বিবরণ					
ক্রঃ নং	ব্রাঙ্কের নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতাগণ/গ্যারেন্টরগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকীকৃত স্বাবর সম্পত্তিসমূহের বিবরণ/ মালিকের নাম (সম্পত্তি(সমূহের) বন্ধকদাতাগণ)	ক) সারফেইসি অ্যান্ড, ২০০২-এর ১৩(২) ধারা অধীনে ডিমান্ড নোটিসের তারিখ খ) বকেয়ার পরিমাণ গ) সারফেইসি অ্যান্ড, ২০০২-এর ১৩(৪) ধারা অধীনে দায়ের তারিখ ঘ) দখলের ধরন প্রতীকী / বাস্তবিক / কনস্ট্রাক্টিভ	ক) সংরক্ষিত মূল্য (খ) বায়না জমা (গ) ডাক বৃদ্ধির পরিমাণ	ই-অকশনের তারিখ/সময়
			নিম্নোক্তের সমগ্র অবস্থিহে অংশ, জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তি, অবস্থান: জেলা – পূর্ব বর্ধমান, থানা – বর্ধমান, বর্ধমান মিউনিসিপালিটির অধীন, মৌজা – বহিঃসরমদলা, জে. এল. নং – ৪১, আর. এস. খতিয়ান নং – ২৫২, এল. আর. খতিয়ান নং – ১৬৬৬৫ ও ১৬৬৬৬, গ্রা. প্লট নং – ১৪১২, আর. এস. প্লট নং – ৭১৪, সাব প্লট-(পি), এরিয়া – ১৩৫০ বর্গফুট নুনারিক, শ্রেণী – বাস্, শ্রীমতী পূর্বমী মুখার্জি, রামী – শ্রী বিজন মুখার্জি এবং শ্রী মানস মুখার্জি, পিতা – শ্রী বিজন মুখার্জি তারিখ: ২০১২ সালের দিল্লি নং – 1-৬৮৯৯ অসুসারে।	(ক) টাঃ ৪৫,৩৪,০০০.০০ (খ) টাঃ ৪,৫৩,৯০০.০০ (গ) টাঃ ২৫,০০০.০০	০৩.১১.২০২৬ বেলা ১১.০০টা ইহতে বিকাল ৪.০০টা
১।	বি.ও.ঃ বর্ধমান বি. সি. রোড (৩১৯৪০০০) শ্রী মানস মুখার্জি (ঋণগ্রহীতা) পিতা – বিজন মুখার্জি শ্রী বিজন মুখার্জি (সহ-ঋণগ্রহীতা) পিতা – হরেকৃষ্ণ মুখার্জি শ্রীমতী পূর্বমী মুখার্জি (সহ-ঋণগ্রহীতা) রামী – শ্রী বিজন মুখার্জি সকলের ঠিকানা: বামশাহী রোড, ভাডাকুটি, গুয়াটাল পাসপ হাউসের নিকট, শর্মা পাড়া, জেলা – পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন – ৭১৫১০১ এ/সি নং: 319400N000005665 (TLPJLH)	জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তি, রেজিস্টার্ড দিল্লি নং – 1-১২৪৪৯, তারিখ – ১৯.০৩.২০১২, এ.ডি.এস.আর. – বর্ধমান-এর অধীন, হাউদেগুয়ান, মৌজা – রায়ান, থানা – বর্ধমান, জেলা – বর্ধমান, জে. এল. নং – ৬৮, এল. আর. প্লট নং – ১১৬৮, এল. আর. খতিয়ান নং – ৬১৪৪, এরিয়া – ০.০১৮৭ একর, শ্রেণী – ডাভা, বাস্তুতে রূপান্তরিত, রায়ান – ১ নং গ্রাম পঞ্চায়েতের সীমানার মধ্যে, বর্ধমান, পিন – ৭১৩১০১।	(ক) ১৮.১১.২০২২ (খ) টাঃ ১৫,৫৫,৪১২.৪৬ (একাদ লক্ষ পঞ্চাশ হাজার চারশত বারো টাকা হেচটপ্লি পয়সা) – ৩১.১০.২০২২ তারিখমতো তৎসহ আরও সুদ ও ব্যাঙ্কের চার্জ, পুরা পেমেন্ট না হওয়া পর্যন্ত (গ) ১০.০২.২০২৩ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৪৫,৩৪,০০০.০০ (খ) টাঃ ৪,৫৩,৯০০.০০ (গ) টাঃ ২৫,০০০.০০	০৩.১১.২০২৬ বেলা ১১.০০টা ইহতে বিকাল ৪.০০টা
২।	বি.ও.ঃ বর্ধমান বি. সি. রোড (৩১৯৪০০০) প্রয়াত শেখ মনোয়ার হোসেন (ঋণগ্রহীতা) (আইসসিডত উত্তরাধিকারী সলিমা শেখ ও শেখ আজাদ হোসেন) পিতা – হরেকৃষ্ণ মুখার্জি সলিমা শেখ (সহ-ঋণগ্রহীতা) রামী – প্রয়াত শেখ মনোয়ার হোসেন শেখ আজাদ হোসেন (সহ-ঋণগ্রহীতা) পিতা – প্রয়াত শেখ মনোয়ার হোসেন সকলের ঠিকানা: হাউদেগুয়ান, গীরতলা বাজেগ্রহতাপপুর, পূর্ব বর্ধমান, পিন – ৭১৫১০১ এ/সি নং: 319400N000006080 (TLPJLH)	জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তি, ডি.এস.আর. বর্ধমানের ১৪.১১.২০১৩ তারিখের দিল্লি নং 1-৪১১৩ অনুসারে, থানা ও জেলা – বর্ধমান, মৌজা – সাধনাপুর, জে. এল. নং – ৬৯, এল. আর. খতিয়ান নং – ৪৪৮৩, এল. আর. প্লট নং – ২৫৯, শ্রেণী – বাস্, এরিয়া – ১৪৪০ বর্গফুট, রাকিবুল ইসলামের নামে।	(ক) ১০.১০.২০১৮ (খ) টাঃ ৩৬,১৮,৯১১.৭৭ (উত্রিশ লক্ষ পঁচাত্তর হাজার দুইশত চুয়াল্লিশ টাকা) – ৩১.১০.২০২২ তারিখমতো তৎসহ আরও সুদ ও ব্যাঙ্কের চার্জ, পুরা পেমেন্ট না হওয়া পর্যন্ত (গ) ১৪.১০.২০২২ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৪৪,৬৪,০০০.০০ (খ) টাঃ ২,৪৪,৬০০.০০ (গ) টাঃ ২৫,০০০.০০	০৩.১১.২০২৬ বেলা ১১.০০টা ইহতে বিকাল ৪.০০টা
৩।	বি.ও.ঃ বর্ধমান বি. সি. রোড (৩১৯৪০০০) রাকিবুল ইসলাম, পিতা – জগদীশ ইসলাম ভাড়ুড়ি বিবি, রামী – রাকিবুল ইসলাম উত্তরের ঠিকানা: প্রয়াহে – জগদীশ ইসলাম মৈত্রি বাপান, রায়ান ১ বাজেগ্রহতাপপুর, পূর্ব বর্ধমান, পিন – ৭১৫১০১ এ/সি নং: 319400N000005319 (TLPJLH)	জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তি, ডি.এস.আর. বর্ধমানের ১৪.১১.২০১৩ তারিখের দিল্লি নং 1-৪১১৩ অনুসারে, থানা ও জেলা – বর্ধমান, মৌজা – সাধনাপুর, জে. এল. নং – ৬৯, এল. আর. খতিয়ান নং – ৪৪৮৩, এল. আর. প্লট নং – ২৫৯, শ্রেণী – বাস্, এরিয়া – ১৪৪০ বর্গফুট, রাকিবুল ইসলামের নামে।	(ক) ১০.১০.২০১৮ (খ) টাঃ ৩৬,১৮,৯১১.৭৭ (উত্রিশ লক্ষ আশিষ হাজার নয়শত একুশ টাকা সাত্তর পয়সা) ৩০.০৮.২০১৮ তারিখমতো তৎসহ আরও সুদ ও ব্যাঙ্কের চার্জ, পুরা পেমেন্ট না হওয়া পর্যন্ত (গ) ১৪.১০.২০১৮ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৪৪,৬৪,০০০.০০ (খ) টাঃ ৪,৪৬,৯০০.০০ (গ) টাঃ ২৫,০০০.০০	০৩.১১.২০২৬ বেলা ১১.০০টা ইহতে বিকাল ৪.০০টা
শর্তাবলি:					
এই বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর নির্ধারিত শর্তাবলি ও নিম্নোক্ত আরও শর্ত সাপেক্ষ ইহবে:					
১। সম্পত্তিসমূহ “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে”, “যেখানে যাহা কিছু আছে ভিত্তিতে” ও “যেখানে যেরূপ প্রকার আছে ভিত্তিতে” বিক্রয় করা ইহবে।					
২। উপরোক্ত নিম্নের নির্ধারিত জামিনমুক্ত পরিসম্পদের বিবরণ অনুমোদিত অফিসারের সর্বোচ্চ তথ্যমতো বিবৃত করা ইয়াহে; তবে অনুমোদিত অফিসার এই ঘোষণায় কোনও প্রমাদ, ভুল রিভিউ বা বাদ পড়িবার জন্য জবাবদিহি করিবেন না।					
৩। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ওয়েবসাইট https://www.baanknet.com -তে ব্যবস্থিভ ই-অকশন প্ল্যাটফর্ম মারফত ০৩.১১.২০২৬ তারিখ বেলা ১১.০০টা ইহতে বিকাল ৪.০০টা পর্যন্ত বিক্রয় করা ইহবে।					
৪। বিক্রয়ের বিশদ শর্তাবলির জন্য দেখুন ওয়েবসাইট: www.baanknet.com ও www.pnbindia.in					
৫। ব্যাঙ্ক সম্পত্তি মূল্যে কোনো সংবিধিবদ্ধ বকেয়ার জন্য দায়ি ইহবে না। দ্রুততা হয় যে কোনও ধরনের কর প্রদান করিতে বাধ্য থাকিবেন।					
৬। বিক্রয়ের শর্তাবলি সম্পর্কে কোনও যৌজাখবরের জন্য অগ্রাহী ডাকদাতাগণ নিম্নোক্তের সহিত যোগাযোগ করিতে পারেন: শ্রী নরম রঞ্জন পুরোহিত (চিফ ম্যানেজার), মোঃ নং ৮৮২৭৬ ৫০৮৮৮					
সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যান্ড, ২০০২-এর রুল ৮(৬) ও রুল ৯(১) অধীনে সংবিধিবদ্ধ ১৫ দিনের সেল নোটিস।					
তারিখ: ১৫.১০.২০২৬ / স্থান: বর্ধমান			অনুমোদিত অফিসার / পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, এআরএমলি-বর্ধমান		

হাতে লেখা চিঠির উষ্মতা ফেরানোর বার্তা

সুপ্রকাশ চৌধুরী

বর্ধমান

অস্থহীন জ্বোলিং, ঘণ্টার পর ঘণ্টা ডিসপ্লে’তে চোখ আর আঙুলের ছোঁয়ায় চোখের নিম্নেযে বার্তা পৌঁছে যাওয়া—একুশ শতকের এই ‘সুপারফাস্ট’ জমানাতেও বাড়ছে দূরত্ব। ফেসবুক, ইনস্টাগ্রামের দিনে শত শত ‘ফ্রেন্ড’ আর নেটিফিকেশনের ভিড়ের আড়ালেও জমে উঠছে একাকীভূ ও বিষন্নতা। ঝুঁয়াল যোগাযোগের এমন বাতাবরণ থেকে মানুষকে পুরনো আন্তরিকতায় ফিরিয়ে নিয়ে যেতে অভিনব উদ্যোগ নিল শহরের শিবাজী সজ্ঘ মহিলা পরিচালিত পুজো কমিটি।

চলতি বছরে তাদের পুজে পা দিল ১৫ তম বর্ষে। এই বছরে থিমের মূল ভাবনাই হল— চিঠি লেখার হারিয়ে

যাওয়া ঐতিহ্য এবং হাতের লেখার উষ্ণতাকে নতুন করে ফিরিয়ে আনা। প্রতিমা ও মণ্ডপের সুস্বন্দ কারুকার্যে উঠে আসছে ডাক ব্যবস্থার সোনালি দিনের কথা। থিম রূপায়ণের দায়িত্বে রয়েছেন শিল্পী অমূল্য মিত্র ও অর্পণ মিত্র। বাবা-ছেলের যুগলবন্দিতে ফুটে উঠছে লেটার বস্ থেকে শুরু করে আজকের জনপ্রিয় সোশ্যাল মিডিয়া অ্যাপের কোলাজ। তার সঙ্গেই মণ্ডপ জুড়ে ফুটিয়ে তোলা হচ্ছে বিশালাকার মাকড়সার জাল। শিল্পীদের মতে, এই জাল আসলে ইন্টারনেটের মায়াজাল— যার অলঙ্কে বন্দি হয়ে যাচ্ছে মানুষের স্বাভাবিক আবেগ ও নৈনন্দিন জীবন।

সোশ্যাল মিডিয়ায় এই অলীক জাল ছিড়ে মানুষকে বাস্তবে নামিয়ে আনাই এই পুজোর অন্যতম লক্ষ্য। পুজো কমিটির সদ্যাপক রেশমি চৌধুরী

অসুর-সিংহহীন দেবীমূর্তি

জয়ন্ত বিশ্বাস

শক্তিগড়

দেবী দুর্গা পূজিতা হন দ্বিভূজা অভয়া রূপে। বর্ধমান শহর থেকে প্রায় ১২ কিলোমিটার দূরে বর্ধমান ২ রক্তের ১৯ নম্বর জাতীয় সড়কের ধারে আমড়া গ্রাম। সেখানেই রায় পরিবারের প্রায় ৪৬৪ বছরের প্রাচীন দুর্গাপূজো। দ্বিভূজা অভয়ার মূর্তিতে নেই অসুর, নেই সিংহ। সিংহাসনে উপবিষ্ট দেবীর বাঁ হাতে পদ্ম, ডান হাতে অভয়মুদ্রা। প্রাচীন ঐতিহ্য মেনেই আজও যন্ত্রী থেকে দশমী পর্যন্ত পূজো হয়। পরিবার পুজোর সূচনা হয়েছিল, সেই সম্পর্কে পরিবারের কাছে স্পষ্ট তথ্য নেই।